# হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু, জানাযা, দুআ, যিকর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. কবর যিয়ারতের সময় সূরা ইখলাস পাঠ

প্রচলিত বিভিন্ন পুস্তকে রয়েছে: ‘‘কবরস্থানে যেয়ে সূরা ইখলাস ১১ বার পাঠ করে মৃত ব্যক্তিগণের রূহের উপর বখশিয়া দিলে সে ব্যক্তি কবরস্থানের সমস্ত কবরবাসীর সম সংখ্যক নেকী লাভ করবে’’। মূলত কথাটি একটি জাল হাদীসের প্রচলিত অনুবাদ। জাল হাদীসটিতে বলা হয়েছে:

مَنْ مَرَّ بِالْمَقَابِرِ فَقَرَأَ (قُلْ هُوَ اللهُ أَحَدٌ) إِحْدَى وَعِشْرِيْنَ مَرَّةً ثُمَّ وَهَبَ أَجْرَهُ لِلأَمْوَاتِ أُعْطِيَ مِنَ الأَجْرِ بِعَدَدِ الأَمْوَاتِ

‘‘যদি কেউ গোরস্থানের নিকট দিয়ে গমন করার সময় ২১ বার ‘সূরা ইখলাস’ পাঠ করে তার সাওয়াব মৃতগণকে দান করে তবে মৃতগণের সংখ্যার সমপরিমাণ সাওয়াব তাকে প্রদান করা হবে।’’

মুহাদ্দিসগণ একমত যে, হাদীসটি জাল।[1]

## ফুটনোট

[1] সুয়ূতী, যাইলুল লাআলী, পৃ. ১৪৪; তাহির পাটনী, তাযকিরা, পৃ. ২১৯-২২০; আজলূনী, কাশফুল খাফা ২/৩৭১; আলবানী, যায়ীফাহ ৩/৪৫২-৪৫৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4978

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন